দৈনিক সংবাদ

104

তারিখ 11 JUN 1987
পৃষ্ঠা 1 কলাম 8

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদ গঠিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদ গঠন করা হয়েছে। উপাচার্যের নেতৃত্বে গঠিত এই পরিষদে বিশ্ববিদ্যালয় প্রশাসন সিনেট, সিন্ডিকেট, শিক্ষক ছাত্র ও কর্মচারীদের প্রতিনিধিরা রয়েছেন। প্রক্টর পরিষদের আহ্বায়ক হিসেবে কাজ করবেন।

বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক

(শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

অপ্রীতিকর পরিস্থিতির পরিপ্রেক্ষিতে গতকাল বুধবার ২২টি ছাত্রসংগঠনের উদ্যোগে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, সকল ডীন ও প্রাধ্যক্ষ, শিক্ষক, ছাত্র ও কর্মচারীদের প্রতিনিধিদের যৌথ সভায় ওই পরিষদ গঠন করা হয়।

অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ, অধ্যাপক মনিরুজ্জামান মিয়া, অধ্যাপক আবদুল মোমিন চৌধুরী অধ্যাপক এম আমিনুল ইসলাম, জনাব শামসুল হক খন্দকার, অধ্যাপক কে এ এম সাদউদ্দিন, ছাত্রনেতা জহিরউদ্দিন স্বপন, মোস্তফা ফারুক, আখতারুজ্জামান, সুলতান মোহাম্মদ মনসুর আহমেদ, মুশতাক হোসেন প্রমুখ। প্রতি মাসের ৩য় বুধবারে পরিষদের সভা অনুষ্ঠিত হবে। আজ বিকেল ৪টায় পরিষদের প্রথম সভা বসার কথা।

### ক্যাম্পাস পরিস্থিতি

গতকাল রাত সাড়ে দশটায় শেষবার খবর নিয়ে জানা গেছে ক্যাম্পাস পরিস্থিতির কোন উন্নতি হয়নি। মুহসিন ও সূর্যসেন হলে ছাত্রলীগ (মু-না) এবং জসীম উদ্দীন হলে ছাত্রদল কর্মীদের সশস্ত্র অবস্থান অব্যাহত রয়েছে। গতকাল সকালে ছাত্রলীগ এবং ছাত্রদল কর্মীরা পৃথক পৃথকভাবে ক্যাম্পাসে মিছিল বের করে। উভয় মিছিলেই সন্ত্রাস বিরোধী শ্লোগান দেয়া হয়।

### শিক্ষক সমিতি

গতকাল অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সভার প্রস্তাবে বিবদমান ছাত্রগোষ্ঠী ও হলসমূহের প্রতি শান্ত অবস্থা রক্ষার আহ্বান জানানো হয়।